

২০২০

বাংলা

(অনার্স)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

পঞ্চম সেমেষ্টার

কোর্স কোড : BNGH-DSE-T-1

(সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

(A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।)

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) পাশ্চাত্যের একজন সাহিত্যতাত্ত্বিকের নাম উল্লেখ করে তাঁর একটি গ্রন্থের নাম লেখো।
- খ) 'বক্রেভিডে'র প্রতিষ্ঠাতা কে? তিনি কোন গ্রন্থে বক্রেভিড নিয়ে আলোচনা করেছেন?
- গ) 'অনুকরণে'র প্রধান বিষয় ক'টি? প্রত্যেকটির নাম লেখো।
- ঘ) কাব্যপাঠে যিনি 'চতুর্বর্গ ফলপ্রাপ্তি'র কথা বলেছেন তাঁর নাম কী? তাঁর লেখা বিখ্যাত গ্রন্থটির নাম লেখো।
- ঙ) 'সাহিত্যের সত্য' কেন চিরকালীন সত্য?

- চ) 'সুররিয়ালিজমে'র প্রবক্তা কে? এর বাংলা প্রতিশব্দ কী?
- ছ) ইংরেজী সাহিত্যে রোমান্টিক আন্দোলনের পুরোধা দুজন কবির নাম লেখো। 'লিরিক্যাল ব্যালাডস' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?
- জ) বাংলা সাহিত্যে একটি ক্লাসিক কাব্যের নাম কবির নাম প্রকাশকাল সহ লেখো।
- ঝ) কোন সময়কে 'প্রাচীন ক্লাসিক যুগ' বলা হয়? দুটি ক্লাসিক সাহিত্যের নাম লেখো।
- ঝঃ) পাশ্চাত্য সাহিত্যে 'ন্যাচারালিজম' প্রসঙ্গের উল্লেখ করেন কে? বাংলায় এর প্রতিশব্দ কী?
- ট) কাব্যের উদ্দেশ্য কী?
- ঠ) 'সাহিত্য দেশের অবস্থা এবং জাতীয় চরিত্রের প্রতিবিম্ব মাত্র' —এই বাক্যের মাধ্যমে বক্ষিমচন্দ্র কী বোঝাতে চেয়েছেন?
- ড) 'রক্তকরবী'র তিনজন কারা? এই তিনজনের প্রেমের রঙ কী কী?
- ঢ) রবীন্দ্রকাব্যে 'Sense of evil'-এর বাংলা আবু সয়দ আইয়ুব কী করেছেন? মূল প্রবন্ধটির নাম লেখো।
- ণ) 'Naturalistic' কাদের বলা হয়?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 4 = 20$
- ক) 'গুচ্ছিত্য' বলতে কী বোঝো? এ সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখো।
- খ) 'কাব্যসত্য' সম্পর্কে রাবীন্দ্রিক ভাবনার পরিচয় দাও।
- গ) 'রোমান্টিসিজমে'র বৈশিষ্ট্য বা লক্ষণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

- ঘ) 'ক্লাসিসিজমে'র উদ্ভব ও বিকাশের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ঙ) 'ভারতবর্ষীয় সাহিত্যে'র গতিপ্রকৃতি অনুধাবন করতে বক্ষিমচন্দ্র যে 'গোটাকতক স্থূল চিহ্ন'এর কথা 'বিদ্যাপতি' ও জয়দেব' প্রবন্ধে উল্লেখ করেছেন তা সংক্ষেপে জানাও।
- চ) 'একদিন তার জন্যে প্রাণ দিয়ে দেবে এই ছিল তার সাধা।' — কার জন্য কে প্রাণ দিতে চেয়েছিল? তার প্রাণ দেওয়ার ইচ্ছা প্রকাশের কারণ কী? সত্যিই কী তাকে প্রাণ দিতে হয়েছিল?

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

- ক) 'অনুকৃতি' কী? অনুকৃতি সম্পর্কে প্রাচ্য আলংকারিকরা যে ভাবনার পরিচয় দিয়েছেন তা আলোচনা করো।
- খ) দর্শনের 'Realism' এবং সাহিত্যের 'Realism' কী এক? বাস্তবতা কখন সাহিত্য পদবাচ্য হয়ে ওঠে - এই বিষয়টিকে বিস্তারিত করো।
- গ) “বাঁশি কোন সুরে কাঁদে? সে কি ‘আমি চাই, আমি পাই’? এর আসল কথাই আমি! না বাঁশি বলে - ‘তুমি! তুমি! তুমি!’” - এই উক্তির আলোকে 'রক্তকরবীর তিনজন' প্রবন্ধের স্বরূপটি নিজের ভাষায় ব্যক্ত করো।
- ঘ) 'বিদ্যাপতি' ও 'জয়দেব' প্রবন্ধে বক্ষিমচন্দ্র বঙ্গীয় গীতিকাব্য লেখকদিগকে কয়টি শ্রেণিতে ভাগ করেছেন? এই বিভাজনের কারণগুলি কি কি? - প্রবন্ধ অনুসরণে নিজের ভাষায় বিবৃত করো।